সমকাল

তারিখ ... 23 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ২ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার ফরম পূরণ ৩০ জুলাই পর্যন্ত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার অনলাইনে ফরম পূরণ সময়সূচি প্রকাশ করা হয়েছে। সূচি অনুযায়ী আগামী ১১ জুন থেকে শুরু হয়ে ৩০ জুলাই পর্যন্ত এ অনলাইনে ফরম পূরণ কার্যক্রম চলবে।

**মাস্টার অব অ্যাডভান্সড স্টাডিজ প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ :** জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অন-ক্যাম্পাস শিক্ষা কার্যক্রমের আওতায় মাস্টার অব অ্যাডভান্সড স্টাডিজ (MAS) প্রোগ্রামে বাংলা, ইতিহাস, অর্থনীতি, সমাজবিজ্ঞান, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স ও কম্পিউটার সায়েন্স বিষয়ে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। নির্বাচিত শিক্ষার্থীদের ১০ জুলাই থেকে ২০ জুলাইয়ের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে। ২১ জুলাই থেকে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ক্লাস শুরু হবে। অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার অনলাইনে ফরম পূরণ ও মাস্টার অব এডভান্সড স্টাডিজ প্রোগ্রামে ভর্তির বিষয়ে বিস্তারিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nu.edu.bd/203 থেকে জানা যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।